

শুভ জন্মদিন

ওয়ালি মাহমুদ

যে আকাদস্ সিরাজ ১৯৮৮ সালে পরিচয় করিয়ে দিয়ে বলেছিলেন ...ইনিই কবি দিলওয়ার, সালাম করো..

কাঞ্চন কন্যার জোনাকীরাও চেনে বুঝি, যিনি দিলু ভাই নামে পরিচিত হন। পরিণত কবিতারা ডাক পাড়ে.. সুরমা পারের কবি আছেন? সময় এবং তার গুণীতক বছরগুলো পেরিয়ে যখন গণমানুষের ভাষিক কবিয়াল হয়ে উঠেন.. ভাব-চেতনায় লব্ধ 'লয় তখন বাইন্কা রাখে সর্বজগৎ। উৎসর্গীত হয় গ্রন্থ-স্মারক-উৎসব ... গর্বভরে বলি- তিনি মানবতার কথা বলেন...

কীন ব্রীজ এখনো দাঁড়িয়ে আছে, আর তার পাশেই ওয়ানওয়ে ট্রাফিক সাইন- কবি দিলওয়ার এই দিকে>

জলডোবা নদীর স্রোতে ভেজে হাত, ভেজে যায় স্মৃতির প্রহর .. সকল মঙ্গল সারথীর বসত হোক কবির ঘর। তাবত অনুভূতিকে ধারণ করে জমানো অর্জন-কে তুলে রেখো সাহিত্য শাখায়... গড়ে উঠুক আমাদের ছায়ার দোর।